

যুগান্তর

প্রিন্ট: ২৩ ডিসেম্বর ২০২৪, ০৩:২৫ পিএম

শিক্ষাজ্ঞান

বাংলাদেশ ইউনিভার্সিটিতে ভর্তি মেলা শুরু



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২২ ডিসেম্বর ২০২৪, ১০:২৪ পিএম



বাংলাদেশ ইউনিভার্সিটিতে স্প্রিং সেমিস্টারের পাঁচ দিনব্যাপী ভর্তি মেলা শুরু হয়েছে।

রোববার থেকে এই মেলা শুরু হয়। যা চলবে বৃহস্পতিবার পর্যন্ত। রাজধানীর মোহাম্মদপুরের আদাবরে স্থায়ী ক্যাম্পাসে সকালে মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়টির ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মো. জাহাঙ্গীর আলম।

এ সময় উপস্থিত ছিলেন ফ্যাকাল্টি অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ও ইকোনমিকস অনুষদের ডিন অধ্যাপক মো. তাজুল ইসলাম, ফ্যাকাল্টি অব আর্টস, সোশ্যাল সায়েন্স অ্যান্ড ল অনুষদের ডিন অধ্যাপক মো. হুমায়ুন কবির, বিভিন্ন বিভাগের প্রধান, সেকশন প্রধানসহ বিপুলসংখ্যক ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।

এবারের ভর্তি মেলায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ভর্তিচ্ছুক ছাত্রছাত্রীরা তাদের প্রয়োজনীয় বিষয় সম্পর্কে অবগত হওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সুযোগ-সুবিধা সরজমিনে পরিদর্শনের সুযোগ পাবেন।

এ ছাড়া মেলা চলাকালে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ ও জ্যেষ্ঠ অধ্যাপকদের সঙ্গে সরাসরি মতবিনিময়ের মাধ্যমে উচ্চশিক্ষার বিভিন্ন বিষয়ের বিস্তারিত তথ্যসহ যুগোপযোগী শিক্ষার দিকনির্দেশনামূলক তথ্য সংগ্রহ করতে পারবেন।

মেলা চলাকালে ছাত্রছাত্রীরা তাদের এসএসসি ও এইচএসসি ফলাফলের ওপর সর্বনিম্ন ২০ থেকে সর্বোচ্চ ১০০ শতাংশ কোর্স ফি মওকুফ ছাড়াও অতিরিক্ত ৫ থেকে ১০ হাজার টাকা মওকুফে ভর্তির সুযোগ পাবেন। প্রতিদিন সকাল ১০টা থেকে শুরু হয়ে মেলা চলবে বিকাল চারটা পর্যন্ত।

